

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৩

আগরতলা, ১ এপ্রিল, ২০২৫

বিধানসভা সংবাদ

২০২৫-২৬ অর্থবছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীনে  
ডাক্তার নিয়োগের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে : মুখ্যমন্ত্রী

২০২৫-২৬ অর্থবছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীনে ডাক্তার নিয়োগের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে। বর্তমানে এই সংক্রান্ত প্রক্রিয়া টি.পি.এস.সি.-র আওতাধীন রয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক অশোক চন্দ্র মিত্রের এক প্রশ্নের লিখিত উত্তরে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এ তথ্য জানিয়েছেন। তিনি জানান, জে.এম.ও. / জি.ডি.এম.ও. পদে ২২৪টি, স্পেশালিস্ট মেডিক্যাল অফিসার পদে ১৭২টি এবং সুপার স্পেশালিস্টের ১৬টি পদ পূরণের উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া মেডিক্যাল অফিসার (আয়ুর্বেদ), টি.এ.এস.-র গ্রেড-IV-এর ১৩টি পদ পূরণের লক্ষ্যে এবং মেডিক্যাল অফিসার (ডেন্টাল) টি.ডি.এস.-র গ্রেড-IV-এর ৬টি পদ পূরণের লক্ষ্যে ইতিমধ্যেই দপ্তরের পক্ষ থেকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে এই প্রক্রিয়া জারি রয়েছে। তিনি জানান, রাজ্যের স্বাস্থ্য দপ্তরে বর্তমানে লার্নিং অফিসারের ৩৩২টি শূন্যপদ পূরণের জন্য প্রশাসনিক প্রক্রিয়া চলছে। এছাড়া আরও ১০০টি শূন্যপদ সৃষ্টি ও পূরণের জন্য দপ্তর উদ্যোগ নিয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের মধ্যে এই পদগুলি পূরণ করা যাবে বলে আশা করা হচ্ছে।

\*\*\*\*\*